গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

ফেব্রুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৫৭তম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৯/০২/২০২৪ খ্রি. |
| সময় | : বেলা ৩:৩০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৫৭তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভার গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম মাননীয় সংসদ সদস্য কুমিল্লা-৯ ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২৩-২০২৪ অর্থ বছরের জানুয়ারি -২০২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>জানুয়ারি ২০২৪ **আয় অংশ :**<br>ক) অবশিষ্ট স্থিতি = ১,১৭,৫১,১৩৯ /-<br>খ)উপজেলা সাব রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর = ২৮,৮৯,০১৮/-<br>গ) বাসা ভাড়া হতে প্রাপ্ত = ১৭,০০৯/-<br>মোট আয় = ১,৪৬,৪০,১৫৭/-<br><br>জানুয়ারি ২০২৪ **ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন = ৩২,৫৫০/-<br>(গ) আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/-<br>ঙ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে ট্যারকাটা নির্মাণ =৩,৮৯,৭৯৩/-<br>চ) উপজেলা উন্নয়ন সহায়তার বিভিন্ন বিজ্ঞপ্তির পত্রিকার বিল বাবদ পরিশোধ = ৬০,৭০২/-<br>ছ) বিজয় দিবস উদযাপনের ব্যয় বাবদ উত্তোলন =৫০,০০০/-/-<br>জ)উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার ব্যারাক নির্মাণ = ২১,৫৬,২৮৯/-<br>ঝ) উপজেলা পরিষদের দক্ষিণ গেইট মেরামত/স্থাপন ব্যয়=২৪,৯০০/-<br>ঞ) উপজেলা পরিষদ কমপ্লেক্সে পুরাতন মালামাল অপসারণ ব্যয় =১১,১৭০/-<br>ট) উপজেলা পরিষদ কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যয়=২৪,৯২০/-<br>মোট ব্যয় = ২৮,৭৯,২৩৪ /-<br>অবশিষ্ট স্থিতি১,১৭,৬০,৯২৩ = (এক কোটি সতের লক্ষ ষাট হাজার নয়শত তেইশ টাকা) | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত আয়-ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, ল্যকসাম, কুমিল্লা সভায় জানুয়ারি ২০২৪ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:ন | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লাকসাম বলেন, কাবিটা ৩য় পর্যায়ের সাধারণ বরাদ্দ ২৬,৭৬,৪৯৭ টাকা পাওয়া গেছে। টিআর সাধারণ ৩য় পর্যায়ের ২০,৮৩,৫২৬ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সকল ইউপিতে বিভাজন করে দেয়া হয়েছে। বিশেষ নির্বাচনী এলাকায় ৩য় পর্যায়ের কাবিখা ও টিআর বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরো জানান, কাবিটা, টিআর সাধারণ ও বিশেষ ১ম ও ২য় পর্যায়ের কাজ শেষ হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কমিটি দাখিল করে কাজ শুরু করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান সংশ্লিষ্ট সকল, ইউনিয়ন পরিষদ |
| ৭.২ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স:**<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রাত্রিকালীন সময়ে নিরাপত্তার জন্য রাত্রিকালীন সময়ে নিরাপত্তার জন্য অস্থায়ী আনসার মোতায়েনের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অস্থায়ী আনসার মোতায়েনের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৭.৩ | **এলজিইডি:**<br>ক) উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্পের আওতায় উপজেলা নির্বাহী অফিসারের বাংলো নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বসবাসের সুবিধার্থে উক্ত বাংলোর ২য় তলায় একটি সংযুক্ত বাথরুম নির্মাণ করার জন্য ব্যবহারকারী কর্তৃক অনুরোধ জানানো হয়েছে। এ জন্য একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে।<br><br>খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের পুরাতন বাংলো নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিলাম অনুষ্ঠান করে নিম্নোক্ত দর পাওয়া গেছে। | ক) প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনসহ মূল চুক্তিতে অর্ন্তভূক্ত প্রভিশনাল সাম হতে এ কাজের ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>খ) নিলাম প্রক্রিয়ায় প্রাপ্ত দর অনুমোদন করা হলো। প্রাপ্ত দরের সাথে যথা নিয়মে সকল করসহ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী<br><br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><th>বিবরণ</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>নিলামে প্রাপ্ত দর</th></tr>
<tr><td>উপজেলা পরিষদ চেয়ারম্যান বাংলো</td><td>৩,০৩,৩১৬.০০</td><td>৩,৩১,৫০০.০০</td></tr>
</table>
অদ্যকার সভায় নিলাম প্রক্রিয়া এবং নিলামে প্রাপ্ত সর্ব্বোচ দর অনুমোদন করা যেতে পারে।<br><br>
গ) উপজেলা চেয়ারম্যান কোয়ার্টার্স (পুরাতন ভবন) এর নিলাম বিজ্ঞপ্তি গত ২৯/০১/২০২৪ তারিখে দৈনিক কুমিল্লার কাগজ পত্রিকায় প্রকাশ করা হয়। সে প্রেক্ষিতে ৬০৩৮ টাকার বিজ্ঞপ্তির বিল দাখিল করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
</td>
<td>কোষাগারে জমাদানের সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>গ) উপজেলা চেয়ারম্যান কোয়ার্টার্স (পুরাতন ভবন) এর নিলাম বিজ্ঞপ্তির পত্রিকার ৬০৩৮ টাকার বিজ্ঞপ্তির বিল বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>২। উপজেলা প্রকৌশলী<br><br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
<tr>
<td>৭.৪</td>
<td>উপজেলা শিক্ষা অফিস:<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বলেন, লাকসাম উপজেলায় সবগুলো কিন্ডারগার্টেন নিবন্ধনের আওতায় নিয়ে আসার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে অবহিতকরণ সভা করা হয়। আগামী ২ মাসের মধ্যে নীতিমালার আলোকে কাগজপত্র জমা দেয়ার জন্য সময়সীমা নির্ধারণ করা হয়। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩য় থেকে ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীরা বাংলা ও ইংরেজিতে সাবলীলভাবে লিখতে ও পড়তে পারে তার জন্য মাস ব্যাপী ট্রেনিং প্রোগ্রাম হাতে নেয়া হয়েছে। মাদককে না বলুন, বা মাদকের ভয়াভহতা নিয়ে প্রতিটি বিদ্যালয়ে মা ও অভিভাবক সমাবেশ করে সচেতনা বৃদ্ধি করতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজিতে সাবলিলভাবে রিডিং পড়ার বিষয়ে নীতিমালা-২০২৩ এর আলোকে সংশ্লিষ্ট শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৭.৫</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, এসএসসি ও সমমানের পরীক্ষা চলমান রয়েছে। লাকসাম উপজেলায় ভোকেশনালসহ ৫টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা হচ্ছে। পরীক্ষা কেন্দ্রে কোন শিক্ষক মোবাইল ফোন ব্যবহার করার অনুমতি নেই। এছাড়া অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়।</td>
<td>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৭.৬</td>
<td>উপজেলা প্রাণী সম্পদ অফিস:<br>উপজেলা প্রাণী সম্পদ অফিসার লাকসাম বলেন, প্রাণী সম্পদ দপ্তরের ভিশন হলো সকলের জন্য নিরাপদ ও পর্যাপ্ত প্রাণীজ আমিষ সরবরাহ নিশ্চিত করা। নিরাপদ প্রাণীজ আমিষ সরবরাহের লক্ষ্যে লাকসাম পৌরসভার কসাইখানা আধুনিকায়ন জরুরী। তাছাড়া বর্জ্য ব্যবস্থাপনার জন্য পিট নির্মাণ করা প্রয়োজন। কসাইখানার জায়গা বাড়ানোসহ নিরাপদ মাংস ভোক্তার নিকট পৌছানেরা লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোরালো করার জন্য মেয়র লাকসাম পৌরসভার দৃষ্টি আকর্ষণ করেন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণী সম্পদ অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা লাকসামকে বলা হয়।</td>
<td>উপজেলা প্রাণী সম্পদ অফিসার</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৭.৭ | **উপজেলা মৎস্য অফিস:** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার লাকসাম বলেন, মৎস্য আড়ত গুলো লাইসেন্সের আওতায় আনা প্রয়োজন। ট্রেড লাইসেন্স এর জন্য তারা আবেদন করতে পারেনা। এ বিষয়ে তিনি মেয়র, লাকসাম পৌরসভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া এ বছর মৎস্য পদকের জন্য অত্র উপজেলা থেকে ৩টি আবেদন জেলায় প্রেরণ করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ট্রেড লাইসেন্সের জন্য পৌরসভায় আবেদন করলে দ্রুত সময়ের মধ্যে ট্রেড লাইসেন্স প্রদান করা হবে বলে জানানো হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা |
| ৭.৮ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, ৪০ জন কর্মী মাঠ পর্যায়ে সেবা প্রদান করছে। সকলকে সর্বজনীন পেনশনের বিষয়ে সাধারণ জনগণকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের কর্মচারীদের সর্বজনীন পেনশনের বিষয়ে প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৭.৯ | **উপজেলা সমাজসেবা কার্যালয়:** উপজেলা সমাজসেবা অফিসার লাকসাম বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরে লাকসাম উপজেলায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দ এসেছে। বয়স্ক-১০৪ জন, বিধবা-১৬৯ জন এবং প্রতিবন্ধী ৭৮৭ জন। ইতোমধ্যে প্রতিবন্ধী ভাতার তালিকা ইউনিয়ন ও পৌরসভা থেকে পাওয়া গেছে। বয়স্ক ও বিধবা ভাতার তালিকা এখনো পাওয়া যায়নি। বয়স্ক ও বিধবা ভাতার তালিকা দ্রুত প্রেরণ করার জন্য পৌরসভার মেয়র এবং ইউপি চেয়ারম্যান সকলদের অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার তালিকা দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| | ২০২৩-২৪ অর্থবছরে অনলাইনে বয়স্ক ও বিধবা ভাতার জন্য আবেদন পড়েছিল যথাক্রমে ২৫০৯ ও৩৭৩৬টি। বরাদ্দের অবশিষ্টদের অগ্রাধিকারমূলক তালিকা প্রস্তুত করে রাখার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেণ। | সভায় বিস্তারিত আলোচনান্তে বয়স্ক ও বিধবা ভাতার অগ্রাধিকার তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার |
| | শিক্ষা প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে ৪৬টি বরাদ্দের মধ্যে ৩২টি পাওয়া গেছে। বাকী গুলো না পাওয়া গেলে ফেরত দিতে হবে মর্মে জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রতিবন্ধী শিক্ষাষ্ঠানসমূহ যাচাই বাছাই করে তালিকা দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও শিক্ষা অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার |
| ৭.১০ | **উপজেলা যুব উন্নয়ন অফিস:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা লাকসাম বলেন, আগামী মার্চ মাসের ০১ তারিখ হতে ৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত টেকাব প্রকল্পের আওতায় কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। ৪০ জন প্রশিক্ষণার্থী ইতোমধ্যে বাছাই করা হয়েছে। ১০ জন অপেক্ষমান তালিকায় রাখা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের বিষয়ে যাচাই বাছাই করে উপযুক্ত শিক্ষার্থী নির্বাচনের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

<table>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
<tr>
<td>৭.১১</td>
<td>

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ঃ**

**ক) অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাবনা**

উপজেলা প্রকৌশলী জানান, বাংলাদেশ সরকার এবং জাইকার অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) তহবিলের ষষ্ঠ রাউন্ডের অতিরিক্ত বরাদ্দের আওতায় বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ০১ টি অবকাঠামো উপপ্রকল্প "প্রকল্প যাচাই বাছাই কমিটি" কর্তৃক সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদনের জন্য অনুরোধ জানান।

<table>
<tr><th>ক্র নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রস্তাবকারী বিভাগ</th><th>প্রাক্কলিত টাকা</th></tr>
<tr><td>০১</td><td>০২ টি শিক্ষা প্রতিষ্ঠানে (আবদুল মালেক ইনস্টিটিউশন এবং নবাব ফয়জুন্নেসা ও বদরুন্নেসা যুক্ত উচ্চ বিদ্যালয়) স্মার্ট শ্রেণিকক্ষ স্থাপন ।</td><td>মাধ্যমিক শিক্ষা</td><td>১১,১৭,৩১৮ (প্রাক্কলন সংযুক্ত)</td></tr>
</table>

**খ) ষষ্ঠ রাউন্ডের অবকাঠামো বিল সংক্রান্তঃ**

উপজেলা প্রকৌশলী জানান, বাংলাদেশ সরকার এবং জাইকার অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) তহবিলের ষষ্ঠ রাউন্ডের (২০২১-২০২২ অর্থবছর) বরাদ্দের আওতায় অনুমোদিত উপ প্রকল্প নং INF6-২০২১-২০২২-২০১৯৭২-০১ শিরোনাম: বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মিনস্ট্রুয়াল হাইজিন ম্যাজেমেন্ট কর্ণার স্থাপন" **এবং** INF6-২০২১-২০২২-২০১৯৭২-০২ শিরোনাম: "বড়বাম ফাজিল (ডিগ্রি) মাদরাসায় কম্পিউটার ল্যাব স্থাপন।" কাজ সম্পন্ন হয়েছে। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরসহ উপ প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। উপ প্রকল্পটির কাজের মান সন্তোষজনক। সংশ্লিষ্ট ঠিকাদার পাওনা পরিশোধের জন্য বিল ভাউচার দাখিল করেন। ঠিকাদারদের বিল (পরিশিষ্ট গ) অনুমোদন এবং পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।

</td>
<td>

ক) বিস্তারিত আলোচনা শেষে উপস্থাপিত অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পটি অনুমোদিত হয় এবং ইউজিডিপি প্রকল্প পরিচালক মহোদয় বরাবর তাঁর পর্যালোচনা, মতামত ও সম্মতির জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

প্রকল্পগুটি প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের বার্ষিক / পঞ্চ বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভূক্তির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

খ) বিস্তারিত আলোচনা শেষে উপস্থাপিত উপ-প্রকল্পগুলোর পরিশিষ্ট "গ" মোতাবেক বিল অনুমোদন, অর্থ ছাড়করণের জন্য ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ এবং অর্থ প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদারের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

</td>
<td>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>
২। উপজেলা নির্বাহী অফিসার<br>
৩।উপজেলা প্রকৌশলী<br>
৪। ইউডিএফ, ইউজিডিপি, লাকসাম

</td>
</tr>
<tr>
<td></td>
<td>

**উপজেলা আনসার ও ভিডিপি অফিস:**

উপজেলা আনসার ও ভিডিপি অফিসার লাকসাম বলেন,২১ শে ফেব্রুয়ারি/২০২৪ তারিখে নিরাপত্তা রক্ষার্থে আইনশৃংখলা বাহিনীর সাথে আনসার বাহিনীর ৯ জন সদস্য দায়িত্ব পালন করে। সে প্রেক্ষিতে ৭২০০/- বেতন ভাতার বিল দাখিল পরিশোধের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ২১ শে ফেব্রুয়ারি/২০২৪ জাতীয় শহিদ দিবস দায়িত্ব পালনের জন্য ৯ জন আনসার সদস্যের বেতন ভাতা ৭২০০/- উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>
২। উপজেলা নির্বাহী অফিসার<br>
৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার

</td>
</tr>
</table>

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **মেয়র, লাকসাম পৌরসভা:** জন্ম মৃত্যু নিবন্ধন নিয়মানুসারে বাস্তবায়ন হচ্ছে। শতভাগ লক্ষ্য অর্জনে লাকসাম পৌরসভা কাজ করে যাচ্ছে। এছাড়া দৌলতগঞ্জ মাছের আড়তের ট্রেড লাইসেন্সের আবেদন করা হলে এক সপ্তাহের মধ্যে তা সম্পন্ন করে দেয়া হবে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে দৌলতগঞ্জ বাজারের মাছের আড়তের ট্রেড লাইসেন্স দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা |
| ৯.২ | **উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্য:** দেশের সর্বস্তরের জনগণকে টেকসই পেনশন কাঠামোয় অন্তর্ভূক্তির মাধ্যমে নাগরিকদের ভবিষ্যৎ আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিতকল্পে গত ১৭ আগস্ট ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী সর্বজনীন পেনশন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। প্রগতি, প্রবাস, সুরক্ষা,সমতা চারটি স্কীম চালু করা হয়েছে। এ কার্যক্রমকে সফল করতে সর্বজনীন পেনশন স্কীম সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণা চালানোর জন্য লাকসাম পৌরসভার মেয়র, সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া এ কার্যক্রম বাস্তবায়ন করতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারকে দায়িত্ব প্রদানের জন্য ইউপি চেয়ারম্যান সকলকে অনুরোধ জানান। সকল জনপ্রতিনিধি এবং উপজেলার সকল দপ্তর প্রধানগণ তাদের সেবাপ্রার্থীদের নিকট সর্বজনীন পেনশনের বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করেন। | লাকসাম উপজেলায় সর্বজনীন পেনশন কার্যক্রম বাস্তবায়নে জনপ্রতিনিধি এবং সকল দপ্তর প্রধানগণ একত্রে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| | ২। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা ০১ শাখার ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২-১০৬ নং স্বারক মোতাবেক স্থানীয় সরকার দিবস উদযাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- টাকা ব্যয়ের পত্র এসেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২। সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার দিবস উদযাপনে ব্যয়ের ২৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসারা |
| | ৩। জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম শতভাগ অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের নির্দেশনা দেন। ইউনিয়ন পরিষদের মাসিক সভাসমূহে জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রমের বিষয় আলোচনা করার জন্য চেয়ারম্যানদের নির্দেশনা দেন। এছাড়া লাকসাম উপজেলার বিভিন্ন দপ্তরের সেবা প্রার্থীদের ও তাদের পরিবারের সদস্যদের জন্ম-মৃত্যু নিবন্ধন যাচাই করে নিবন্ধন থাকা সাপেক্ষে সেবা প্রদান করার জন্য সকল দপ্তরপ্রধানদের অনুরোধ জানান। | ৩। ইউনিয়ন পরিষদ সমূহের জন্ম মৃত্যু নিবন্ধন শতভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে উপকারভোগীদের জন্ম-মৃত্যু নিবন্ধন থাকা সাপেক্ষে সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | ৪। ১৪৩১ বঙ্গাব্দে লাকসাম উপজেলার হাট-বাজার সমূহের ইজারার দরপত্রের বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত হয় । সে প্রেক্ষিতে প্রতিদিনের সংবাদ ৪১,৪০০ টাকার বিজ্ঞপ্তি বিল দাখিল করেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৪। বিস্তারিত আলোচনান্তে ১৪৩১ বঙ্গাব্দে লাকসাম উপজেলার হাট-বাজার সমূহের ইজারার বিজ্ঞপ্তির পত্রিকার বিল বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | ৫। উপজেলা পরিষদের জন্য অফিস সরঞ্জাম ক্রয়ের প্রয়োজন। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(চ) মোতাবেক অফিস সরঞ্জাম ক্রয় এবং সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রস্তাবে উপস্থিত সবাই একমত পোষন করেন। | ৫। উপজেলা পরিষদের জন্য বিধি মোতাবেক অফিস সরঞ্জাম ক্রয়ের জন্য বিধি মোতাবেক ক্রয় কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | ৬। মোবাইল কোর্টের প্রয়োজনে জনস্বাস্থ্য সুরক্ষার জন্য ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ক্রয়ের প্রয়োজন। উপজেলা রাজস্ব তহবিলের ২০২০ নির্দেশিকার ৩(ন) অনুযায়ী রাজস্ব তহবিল ব্যবহার করে উক্ত ক্রয় সম্পন্ন করা যাবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৬।সভায় বিস্তারিত আলোচনান্তে মোবাইল কোর্টের প্রয়োজনে জনস্বাস্থ্য সুরক্ষার জন্য ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | ৭। ৭ মার্চ, ১৭ মার্চ এবং ২৫ ও ২৬ মার্চ জাতীয় দিবস সমূহসহ এ মার্চ মাসে অনেকগুলো দিবস রয়েছে। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদ কম্পাউন্ড পরিষ্কার পরিচ্ছন্ন করা আবশ্যক। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৭। মার্চ মাসের বিভিন্ন দিবসসহ অন্যান্য দিবসসূহে উপজেলা পরিষদ ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | ৮। উপজেলা পরিষদে আগস্ট/২০২৩ হতে ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত ৭ মাসের ইন্টারনেট মোট ৭০০০/- বিল বকেয়া রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৮।সভায় বিস্তারিত আলোচনান্তে ইন্টারনেটের ৭০০০/- বকেয়া বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ৯.৩ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :**<br>উপজেলার বিভিন্ন অনুমোদনহীন প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করে সেগুলোকে নীতিমালার আওতায় আনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও প্রাথমিক শিক্ষা অফিসার লাকসামকে নির্দেশনা প্রদান করেন। অভিভাবক সমাবেশে উপজেলার বিভিন্ন কর্মকর্তাদের সংযুক্ত করে মাদক বিরোধী প্রচারণা চালানোর জন্য প্রধান শিক্ষকদের নির্দেশনা দেয়ার জন্য বলেন। এছাড়া স্মার্ট বাংলাদেশ নির্মাণে সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের সমন্বয়ের মাধ্যমে একত্রে কাজ করার জন্য নির্দেশনা দেন | লাকসাম উপজেলার অনুমোদনহীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নীতিমালার আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২৪- ১৮৮ তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

২৯/০২/২৪
মোঃ আব্দুল হাই সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।